সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট

অর্থঋণ আদালত আইন ২০০৩(সংশোধনী ২০১০) এর ১২ (৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, গোদনাইল শাখা, নারায়ণগঞ্জ এর এসএমই (হাইপোঃ)ঋণগ্রহীতা প্রতিষ্ঠান " মেসার্স আয়াত এন্টারপ্রাইজ ", মালিকঃ মোঃ মাহাবুব আলম, পিতাঃ মোঃ নুরুল ইসলাম, ব্যবসায়িক ঠিকানাঃ গ্রাম ঃ জালকুড়ি পশ্চিমপাড়া,জালকুড়ি-১৪২০,সিদ্ধিরগঞ্জ, জেলা ঃ নারায়ণগঞ্জ, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- জালকুড়ি পশ্চিমপাড়া,জালকুড়ি-১৪২০,সিদ্ধিরগঞ্জ, জেলাঃ নারায়নগঞ্জ, এর নিকট ২৭/০৯/২০২৬ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা লেজার বকেয়া এবং অনারোপিত সুদসহ মোট = ১৪,০০,০০০/- (কথায়: চৌদ্দ লক্ষ) টাকা এবং মামলা, অন্যান্য খরচসহ আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে ঋণগ্রহীতা কর্তৃক ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত নিম্ন তফসিলভুক্ত স্থাবর সম্পত্তি অর্থঋণ আদালত আইন ২০০৩(সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক আগামী ০৯/১১/২০২৬ ইং তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয়ের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

জেলা-নারায়ণগঞ্জ, থানা- সিদ্ধিরগঞ্জ, মৌজা- জালকুড়ি

জেএল নং	খতিয়ান নং	দাগ নং	রকম	পরিমাণ	মালিক	চৌহদ্দী
সি.এস- ২০২ এস.এ-১৬ আর.এস- ০৬	সি.এস- ২০২ এস.এ- ৪৪৩ আর.এস-৮৪৬ নামজারী- ৩০৬১৭ জোত- ৩০৬১৬	সি.এস - ১৮৪৯ এস. এ- ১৮৪৯ আর.এস- ৩৬৭৩	নাল	৩.০০ (তিন) শতাংশ	মোঃ মাহাবুব আলম	উত্তরে- নূর সালাম দক্ষিণে- নুরে আলম পূর্বে- রাস্তা পশ্চিমে- অত্র দাগের সম্পত্তি

২১/১১/২০২৬

শর্তাবলী ঃ

১। আগামী ২৫/১১/২০২৬ ইং তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, নারায়ণগঞ্জ এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ০৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতা দর উলেখপূর্বক উদ্ধৃত দরের পরিমাণ সর্বোচ্চ ১০,০০,০০০/- টাকা পর্যন্ত হইলে দরপত্রের ২০%, উদ্ধৃত দরের পরিমাণ ১০,০০,০০০/- টাকার উর্দ্ধে এবং ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত ১৫% এবং উদ্ধৃত দরের পরিমাণ ৫০,০০,০০০/- টাকার উর্দ্ধে হইলে দরপত্রের ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে সোনালী ব্যাংক পিএলসি, গোদনাইল শাখা,নারায়নগঞ্জ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৩। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলের জন্য দরপত্র জমা দিতে পারিবেন । তবে একই তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

৪। অনুর্ধ ১০,০০,০০০/- টাকার উদ্ধৃত দরপত্র গৃহিত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- টাকার উদ্ধৃত দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে সমুদয়মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবে।

৫। উপরোক্ত অনুচ্ছেদ নং-৪ এর অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য, সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দর দাতা আহুত হইবার পর ৪ নং শর্তে নির্ধারিত অনুরূপ সময়সীমার মধ্যে সম্পুর্ন মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৬। দরপত্রে মালামাল/সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্তবা কম প্রতীয়মান হইলে অথবা অন্য যে কোন কারনে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবেন।

৭। সর্বোচ্চ দরদাতাকে নিলামের সম্পত্তির মালিকানা প্রাপ্তির লক্ষ্যে প্রযোজ্য রেজিঃখরচ, স্ট্যাম্পডিউটি, অন্যান্য খরচ এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।

৮। তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারীবা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যে কোন কর বিলসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব সোনালী ব্যাংক পিএলসি এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করিতে হইবে।

৯। দরপত্রের মাধ্যমে নিলামে অংশ গ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবহিত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

১০। নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করা হইবে।

১১। বাতিলকৃত দরদাতাকে জামানতের টাকা ফেরৎ দেওয়া হইবে।

শাখার ব্যবস্থাপক
মোবাইলঃ ০১৭৩০-৩৩৮৪৬৭

HABIBUR RAHMAN
Senior Principal Officer (Manager)
Sonali Bank PLC
Godnail Branch, Narayanganj